

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬১৫

পরিচ্ছেদঃ ঈমানের পরিপূর্ণতা এবং এর হ্রাস-বৃদ্ধি।

باب مَا جَاءَ فِي اسْتِكْمَالِ الإِيمَانِ وَزِيَادَتِهِ وَنُقْصَانِهِ

আরবী

حَدَّقَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّقَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الإِيمَانُ بِضَعْ وَسَبْعُونَ بَابًا فَأَدْنَاهَا إِمَاطَةُ الأَذَى عَنِ الطَّرِيقِ وَأَرْفَعُهَا قَوْلُ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ الْإِيمَانُ بِضَعْ وَسَبْعُونَ بَابًا فَأَدْنَاهَا إِمَاطَةُ الأَذَى عَنِ الطَّرِيقِ وَأَرْفَعُهَا قَوْلُ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ اللهِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ عَبْدِ اللَّهِ بْن دِينَارِ عَنْ أَبِي صَالِح عَنْ أَبِي هُرَيْرَةَ .

وَرَوَى عُمَارَةُ بْنُ غَزِيَّةَ، هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الإِيمَانُ أَرْبَعَةٌ وَسِتُّونَ بَابًا ". قَالَ حَدَّتَنَا بِذَلِكَ قُتَيْبَةُ حَدَّثَنَا بَكُرُ بْنُ مُضَرَ عَنْ عُمَارَةَ بْنِ غَزِيَّةَ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم.

বাংলা

২৬১৫. আবৃ কুরায়ব (রহঃ) আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঈমানের দরজা হল সত্তর এবং আরো কিছু। এর সর্বনিম্ন দরজা হল পথ থেকে কস্টদায়ক বস্তু দূর করা আর সর্বোচ্চ হল 'লা ইলাহা ইল্লাল্লাহ' স্বীকার করা। সহীহ, সহিহাহ ১৩৬৯, বুখারির বর্ণনায় ষাটের অধিক এবং মুসলিমের বর্ণনায় সত্তরের অধিক উল্লেখ আছে। আর এটাই অগ্রগণ্য। তাখরিজুল ঈমান ২১/৬৭, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬১৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। সুহায়ল ইবন আবূ সালিহ (রহঃ) এটিকে আবদুল্লাহ্ ইবন দীনার-আবূ সালিহ-আবূ হুরায়রা (রাঃ) থেকে এরূপ বর্ণনা করেছেন। উমারা ইবন গাযীয়াা (রহঃ) হাদীসটি আবূ সালিহ-আবূ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ঈমানের হল চৌষট্রিটি দরজা। কুতায়বা (রহঃ) ... আবূ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে



অনুরূপ বর্ণিত আছে।

English

Narrated Abu Hurairah:

that the Messenger of Allah (ﷺ) said: "Faith has seventy-some odd doors, the lowest of which is removing something harmful from the road, and its highest is the statement 'La Ilaha Illallah.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন